# নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী (১ম ত্রৈমাস)

জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, পাবনা। [জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১.১ নং ক্রমিক]

সভাপতি: জনাব মো: আবুল কালাম আজাদ, জেলা মৎস্য কর্মকর্তা, পাবনা।
সভার স্থান: সভা কক্ষ, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, পাবনা।
সভার তারিখ: ১৭ জুলাই ২০২২ সময়: বিকাল ০৩.০০ ঘটিকা

সভায় উপস্থিতি/হাজিরা ও স্বাক্ষর

| ক্রমিক নং | সদস্যের নাম, পদবী ও ঠিকানা | নৈতিকতা কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. | মো: আব্দুল আলিম<br>প্রধান সহকারী<br>জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয় পাবনা। | সদস্য | স্বাক্ষরিত |
| ০২. | মো: শফিকুল ইসলাম<br>অফিস সহকারী<br>জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয় পাবনা। | সদস্য | স্বাক্ষরিত |
| ০৩. | মো: ওমর আলী<br>সিনিয়র সহকারী পরিচালক<br>জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয় পাবনা। | সদস্য সচিব<br>(শুদ্ধাচার ফোকাল পয়েন্ট) | স্বাক্ষরিত |

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয় জেলা মৎস্য দপ্তর, পাবনার শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অর্জিত সাফল্য বিষয়ে আলোকপাত করেন এবং শুদ্ধাচার প্রতিষ্ঠায় প্রতিবন্ধকতাসমূহ নিরুপনের জন্য সদস্যদের মনোযোগী হওয়ার নির্দেশ প্রদান করেন। তিনি ২০২২-২৩ অর্থ বছরে স্বাক্ষরিত জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বিষয়ে আলোচনান্তে কিভাবে স্বাক্ষরিত চুক্তি সফলভাবে বাস্তবায়নের মাধ্যমে দপ্তরে শুদ্ধাচার অনুশীলন জোরদার করা যায়, সে বিষয়ে সকলের দৃষ্টি আকর্ষণ করেন। অত:পর কমিটির সদস্য সচিব সিনিয়র সহকারী পরিচালককে অদ্যকার সভার আলোচ্য সূচী উপস্থাপনের আহ্বান জানান। সদস্য সচিব ধারাবাহিকভাবে সভার আলোচ্য সূচী উপস্থাপন করেন এবং আলোচ্য সূচীর উপর আলোচান্তে সিদ্ধান্ত গৃহীত হয়। আলোচ্য সূচী, আলোচনা ও গ্রহীত সিদ্ধান্ত নিম্ন ছকে ধারাবাহিকভাবে লিপিবদ্ধ করা হলো।

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১. | ২০২২-২৩ অর্থ বছরে স্বাক্ষরিত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন | ২০২২-২৩ অর্থ বছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২১/০৬/২০২২ খ্রি. উপপরিচালক ও জেলা মৎস্য কর্মকর্তার মধ্যে স্বাক্ষরিত হয়েছে। চুক্তি অন্তর্ভূক্ত সকল কার্যক্রম নির্ধারিত সময়ে বাস্তবায়ন করতে হবে। মন্ত্রি পরিষদ বিভাগ কর্তৃক জারীকৃত এপিএ প্রণয়ন, পরীবিক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২৩ মোতাবেক প্রমানক সংরক্ষণ ও উর্দ্ধগামী করবেন। | সি./উপজেলা মৎস্য কর্মকর্তা ও খামার ব্যবস্থাপক |
| ০২. | নৈতিকতা কমিটির কাজ বাস্তবায়ন | নিজ নিজ দপ্তরের শুদ্ধাচার প্রতিষ্ঠা/অনুশীলনের প্রতিবন্ধকতাসমূহ চিহ্নিত করে উহা নিরসনের সময়াবদ্ধ পরিকল্পনা প্রনয়ন করে উহা বাস্তবায়ন, পরিবীক্ষণ, মূল্যায়ন করবেন এবং উহার প্রতিবেদন জেলা মৎস্য দপ্তরে দাখিল করবেন। একই সাথে ২০২২-২৩ সালের স্বাক্ষরিত শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন করে উহার প্রতিবেদনসমূহ নির্ধারিত সময়ে জেলা মৎস্য দপ্তরে দাখিল করবেন। | সি./উপজেলা মৎস্য কর্মকর্তা ও খামার ব্যবস্থাপক |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
| --- | --- | --- | --- |
| ০৩. | সুশাসন প্রতিষ্ঠায় অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজন। | মৎস্য বিভাগের কাজসমূহ মাঠ পর্যায়ের মৎস্য খামারী, মৎস্য নার্সারার, মৎস্যজীবী, মৎস্য খাদ্য উৎপাদনকারী, মৎস্য খাদ্য বিক্রয়কারী, মৎস্য হ্যাচারি মালিক, আড়ৎদার, মৎস্য পরিবহণ ও বিপননকারীর সাথে জড়িত। অর্থাৎ এ খাতের অংশীজন মাঠ তথা উপজেলা পর্যায়ে ছড়ানো ছিটানো রয়েছে। মৎস্য সংশ্লিষ্ট বিষয়ে গুণগত ও আদর্শ মান নিশ্চিতকরণে সরকারী আইন বিধিবিধান রয়েছে। সুতরাং উপজেলা মৎস্য দপ্তর ও মৎস্য বীজ উৎপাদন খামারসমূহ অংশীজনের অংশগ্রহণে সভা করবেন এবং সভার কার্যবিবরণী জেলা মৎস্য দপ্তরে দাখিল করবেন। নিজ দপ্তরের সুশাসন প্রতিষ্ঠায় জেলা মৎস্য দপ্তর নিজস্ব সুফলভোগীদের নিয়ে সভা করবেন। | জেলা মৎস্য কর্মকর্তা/ সি./উপজেলা মৎস্য কর্মকর্তা ও খামার ব্যবস্থাপক |
| ০৪. | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণের ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েব পোর্টালে আপলোডকরণ ও অন্যান্য সেবা বক্স হালনাগাদ করন। | ২০২২-২৩ অর্থ বছরে স্বাক্ষরিত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের হার্ডকপি জেলা মৎস্য দপ্তরে দাখিল করবেন। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত পাঁচটি জবাবদিহিমূলক উপকরণ (Five Accountability tools) যথা জাতীয় শুদ্ধাচার কৌশল, সেবা প্রদান প্রতিশ্রুতি, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা ও তথ্য অধিকার সেবা বক্স ত্রৈমাসিক ভিত্তিতে আবশ্যিকভাবে এবং প্রয়োজনে অন্য সময়ে করতে হবে। হালনাগাদকৃত তথ্যের স্ক্রিণ শর্ট প্রতিবেদনের সাথে যুক্ত করে জেলা মৎস্য দপ্তরে দাখিল করবেন। | জেলা মৎস্য কর্মকর্তা/ সি./উপজেলা মৎস্য কর্মকর্তা ও খামার ব্যবস্থাপক |
| ০৫. | নৈতিকতা কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন | কার্যবিবরণীর ১ ও ২ নং ক্রমিকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ। | সিনিয়র সহকারী পরিচালক |

সভায় আর বিশেষ আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৭/০৭/২০২২

আবুল কালাম আজাদ
জেলা মৎস্য কর্মকর্তা,
২৭/০৭/২২ পাবনা।

পত্র নং ৩৩.০২.৭৬০০.৪০০.১৭.০০১.২২.৩৯৮/১(১৫)

তারিখ: ১৭/০৭/২০২২ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরিত হলো।

০১. উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী।
০২. সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা,--------------------------------------------।
০৩. খামার ব্যবস্থাপক, মৎস্য বীজ উৎপাদন খামার------------------------
০৪. সংশ্লিষ্ট নথি।

১৭/০৭/২০২২

জেলা মৎস্য কর্মকর্তা,
পাবনা।

২৭/০৭/২২

# নৈতিকতা কমিটির সভার উপস্থিতি/ হাজিরা ও স্বাক্ষর

| ক্র. নং | কর্মকর্তা/কর্মচারীর নাম | পদবী | কর্মস্থল/ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১. | জনাব মো: ওমর আলী | সিনিয়র সহকারী পরিচালক | জেলা মৎস্য দপ্তর, পাবনা | ২৯/৯/২২ |
| ০২. | জনাব মোঃ আবদুল আলীম | প্রধান সহকারী | জেলা মৎস্য দপ্তর, পাবনা | ২৯/০৯/২২ |
| ০৩. | জনাব মোঃ শফিকুল ইসলাম | অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর | জেলা মৎস্য দপ্তর, পাবনা | ২৯/০৯/২২ |

২৯/০৯/২০২২

(মো: আবুল কালাম আজাদ)
জেলা মৎস্য কর্মকর্তা
পাবনা।

২৯/০৯/২২